# বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

২নং অরফ্যানেজ রোড, বখশি বাজার, ঢাকা-১২১১

**Website:** www.bmeb.gov.bd, **E-mail:** info@bmeb.gov.bd, **Fax:** 58616681, 58617908, 9615576

MC 18393

নং-বামাশিবো/প্রশাসন/কুমিল্লা -২০২/ ৩০৯৫ তারিখঃ ২৫.০৬.২০১৯খ্রিঃ

**বিষয়ঃ- মাদ্রাসার নাম খুরুইল আজগরিয়া আলিম মাদ্রাসার পরিবর্তে খুরুইল সিনিয়র মাদ্রাসা নামকরণ প্রসঙ্গে ।**

১) সূত্র: নং-বামাশিবো/প্রশাসন/কুমিল্লা-২০২/২৯৯৬; তারিখ: ০৫/১১/২০১৯ খ্রি.
২) সূত্র: স্মারক নং ০৫.৪২.১৯৮১.০০০.৪৬.০০০১.১৮-৩০১; তারিখ: ০৭/০৩/২০১৯ খ্রি.

উপর্যুক্ত বিষয়ের আলোকে জানানো যাচ্ছে যে, কুমিল্লা জেলার মুরাদনগর উপজেলাধীন খুরুইল আজগরিয়া আলিম মাদ্রাসার নামে "আজগরিয়া" শব্দটি ব্যবহার করা নিয়ে জনৈক মাওলানা ছলিম উল্লাহ একখানা অভিযোগ দাখিল করেন। অভিযোগের পরিপ্রেক্ষিতে অত্র বোর্ড কর্তৃক সূত্রোক্ত ১ নং স্মারকে সরেজমিনে তদন্ত করে প্রতিবেদন প্রেরণ করার জন্য উপজেলা নির্বাহী অফিসার, মুরাদনগর, কুমিল্লাকে পত্র প্রেরণ করা হয়। তারই প্রেক্ষিতে উপজেলা নির্বাহী অফিসার সূত্রোক্ত ২ নং স্মারকে বোর্ডে একখানা প্রতিবেদন প্রেরণ করেন। তাতে দেখা যায় মাদ্রাসাটি অনুমতি, স্বীকৃতি ও এমপিও অনুযায়ী মাদ্রাসার নাম "খুরুইল সিনিয়র মাদ্রাসা"। প্রকৃতপক্ষে 'খুরুইল আজগরিয়া আলিম মাদ্রাসার' নামে 'আজগরিয়া' শব্দটি ব্যবহারের ক্ষেত্রে তৎকালীন গভর্ণিং বডির সম্মতি সাপেক্ষে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এর বিগত ১২.০৯.১৯৯৬ খ্রি. এর স্বীকৃতি নবায়নের অফিস আদেশ বলে অদ্যাবধি 'আজগরিয়া' শব্দটি ব্যবহার হয়ে আসছে মর্মে প্রতিবেদনে উল্লেখ করেছেন।

বর্ণিত অবস্থায় কুমিল্লা জেলার মুরাদনগর উপজেলাধীন খুরুইল আজগরিয়া আলিম মাদ্রাসাটি কেন "খুরুইল সিনিয়র মাদ্রাসা" নামে নামকরণ করা হবে না তার জবাব পত্র প্রাপ্তির ৩০ (ত্রিশ) দিনের মধ্যে প্রেরণের জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো।

সংযুক্তি - তদন্ত প্রতিবেদনের কপি
( - ৩ - পাতা)।

চেয়ারম্যান মহোদয়ের নির্দেশক্রমে

২৫.০৬.১৯

মোঃ সিদ্দিকুর রহমান
রেজিস্ট্রার
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
ফোনঃ ৯৬১২৮৫৮

প্রাপক:
১)সভাপতি, খুরুইল আজগরিয়া আলিম মাদ্রাসা, মুরাদনগর, কুমিল্লা।
২)অধ্যক্ষ, খুরুইল আজগরিয়া আলিম মাদ্রাসা, মুরাদনগর, কুমিল্লা।

নং-বামাশিবো/প্রশাসন/কুমিল্লা -২০২/ তারিখঃ .০৬.২০১৯খ্রিঃ

সদয় অবগতি ও প্রয়োজনীয় কার্যার্থে অনুলিপি:

১. জেলা প্রশাসক, কুমিল্লা।
২. জেলা শিক্ষা অফিসার ,কুমিল্লা ।
৩. উপজেলা নির্বাহী অফিসার, মুরাদনগর, কুমিল্লা।
৪. চেয়ারম্যান মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা (মহোদয়ের অবগতির জন্য)।
৫. পি এ টু রেজিস্ট্রার, বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা।
৬. অফিস কপি।

মোঃ মজিবুর রহমান
উপ রেজিস্ট্রার
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড,ঢাকা
ফোনঃ ৯৬৭৪৮৭৪

\\192.168.101.190\Shujon2\manik

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা নির্বাহী অফিসারের কার্যালয়
মুরাদনগর, কুমিল্লা
www.muradnagar.comilla.gov.bd

স্মারক নং ০৫.৪২.১৯৮১.০০০.৪৬.০০০১.১৮- ৬০১

তারিখঃ ২৩ ফাল্গুন ১৪২৫
০৭ মার্চ ২০১৯

বিষয়ঃ তদন্তপূর্বক সমর্থনীয় কাগজপত্রসহ সুস্পষ্ট মতামত প্রদান প্রসঙ্গে।

সূত্রঃ বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এর স্মারক নং বামাশিবো/প্রশাসন/কুমিল্লা-২০২/২৯৯৬ তারিখঃ ০৫.১১.২০১৮ খ্রিঃ

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, কুমিল্লা জেলার মুরাদনগর উপজেলাধীন খুরুইল আজগরিয়া আলিম মাদ্রাসার নামে মন্ত্রণালয়ের অনুমোদন ব্যতিত কিভাবে '' আজগরিয়া'' শব্দটি ব্যবহার করা হচ্ছে সে বিষয়ে সরেজমিনে তদন্ত করে প্রতিবেদন দাখিল করার জন্য উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মুরাদনগর, কুমিল্লা নিয়োগ করা হলে তিনি তদন্ত প্রতিবেদন দাখিল করেন (কপি সংযুক্ত)।

০২। বর্ণিতাবস্থায়, উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মুরাদনগর, কুমিল্লা হতে প্রাপ্ত প্রতিবেদন মহোদয়ের সদয় অবগতির ও পরবর্তী প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণের জন্য এ সাথে প্রেরণ করা হলো।

সংযুক্তঃ বর্ণনামতে ৪৮ পাতা।

০৭.০৩.১৯
মিতু মরিয়ম
উপজেলা নির্বাহী অফিসার
মুরাদনগর, কুমিল্লা
ফোন-০৮০২৬-৫৬১২০
Email:unomuradnagar1@gmail

রেজিস্ট্রার
বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা

অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ
১. জেলাপ্রশাসক, কুমিল্লা
২. জেলা শিক্ষা অফিসাার, কুমিল্লা
৩. উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার, মুরাদনগর, কুমিল্লা
৪. সভাপতি, গর্ভনিং বডি, খুরুইল আলিম মাদ্রাসা, মুরাদনগর, কুমিল্লা
৫. মাওলানা মোঃ ছলিম উল্লাহ, প্রতিষ্ঠাতা সুপার, গ্রামঃ খুরুইল, পোঃ কৃষ্ণপুর, মুরাদনগর, কুমিল্লা

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
আর এণ্ড আই শাখা
ডাইরী নাম্বার.........
তাং ১৩/৩/১৯ ....... স্বাক্ষর

বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা
রেজিস্ট্রারের দপ্তর
৫০০
১৪/৩
উপ-রেজিঃ প্রশাঃ/কমন
রেজিঃ/ট্রিব্যুনাল
আইসিটি/কম্পিউটার কেন্দ্র
রেজিস্ট্রার
১৪/৩/১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসারের কার্যালয়
মুরাদনগর, কুমিল্লা
useo.muradnagar@gmail.com

স্মারক নং- উমাশিঅ/মুরাদ/কুমি/৩৫/২০১৬/ ০৬ তারিখ ঃ ২৩ পৌষ ১৪২৫
০৭ জানুয়ারী ২০১৯

বিষয় ঃ কুমিল্লা জেলার মুরাদনগর উপজেলাধীন খুরুইল আজগরিয়া আলিম মাদ্রাসার নামে মন্ত্রণালয়ের অনুমোদন ব্যতিত 'আজগরিয়া' শব্দটি ব্যবহার/ অন্তর্ভুক্তি সংক্রান্ত বিষয়ে তদন্ত প্রতিবেদন।

সূত্র ১। মহোদয়ের কার্যালয়ের ১১/১১/২০১৮ তারিখের নির্দেশ।
২। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড,ঢাকা'র স্মারক নং- বামাশিবো/প্রশাসন/কুমিল্লা-২০২/২৯৯৬ তারিখঃ০৫.১১.২০১৮।

উপর্যুক্ত বিষয় ও সূত্রোক্ত স্মারকের পরিপ্রেক্ষিতে মহোদয়ের নির্দেশনা মোতাবেক উপজেলাধীন খুরুইল আজগরিয়া আলিম মাদ্রাসার নামে মন্ত্রণালয়ের অনুমোদন ব্যতিত 'আজগরিয়া' শব্দটি ব্যবহার/অন্তর্ভুক্তির বিষয়ে প্রতিষ্ঠাতা পরিবারের সদস্য মাওলানা ছলিম উল্লাহ কর্তৃক বোর্ডে উকিল নোটিশ প্রেরণ এর বিষয়টি সরেজমিনে তদন্ত করার জন্য এ কার্যালয়ের বিগত ১২/১১/২০১৮ তারিখের উমাশিঅ/মুরাদ/কুমি/৩৫/২০১৬/১৩৩৯ নং স্মারকে অভিযোগকারী ও মাদ্রাসার বর্তমান অধ্যক্ষকে নোটিশ প্রদান করতঃ (কপি-০১ সংযুক্ত) বিগত ২৫/১১/২০১৮ তারিখ বিকাল ৩.০০ ঘটিকায় নিম্নস্বাক্ষরকারীর কার্যালয়ে অভিযোগকারী ও মাদ্রাসার অধ্যক্ষ এর উপস্থিতিতে (কপি-০২ সংযুক্ত) তদন্তকার্য সম্পন্ন করা হয়।

অভিযোগ ঃ খুরুইল আজগরিয়া আলিম মাদ্রাসার নামে কিভাবে ''আজগরিয়া'' শব্দটি ব্যবহার/ অন্তর্ভুক্ত করা হয়েছে।

অভিযোগকারীর বক্তব্য(কপি-৩ সংযুক্ত) ঃ অভিযোগকারী জানান যে, তাঁর পিতা মরহুম মাওলানা আবদুল আজিজ পীর সাহেব ১৯৫২ সালে মাদ্রাসাটি প্রতিষ্ঠা করেন, যা ১৯৬৪ সালে দাখিল মাদ্রাসা হিসেবে অনুমতি প্রাপ্ত হয়ে ১৯৭৭ সালে খুরুইল সিনিয়র মাদ্রাসা হিসেবে স্বীকৃতিপ্রাপ্ত হয় (কপি-০৪ সংযুক্ত) এবং ০৮০৫১৭২২০২ কোডে এমপিও ভুক্ত হয় (কপি-০৫ সংযুক্ত) এবং বিগত ০১/৬/১৯৯২ ইং সনে খুরুইল সিনিয়র মাদ্রাসা নামে বোর্ড কর্তৃক মাদ্রাসায় এডহক কমিটি গঠন হয়(কপি-০৬ সংযুক্ত) এবং এ সংক্রান্ত বিষয়ে উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিস,মুরাদনগর কর্তৃক বিগত ২৫.০১.২০১৬ তারিখের উমাশিঅ/মুরাদ/কুমি/৩৪/২০১৫/৩৫ নং স্মারকে একটি প্রতিবেদন দেয়া হয় বলে জানান (কপি-০৭ সংযুক্ত)।

মাদ্রাসার বর্তমান অধ্যক্ষের বক্তব্য (কপি ০৮-০৯ সংযুক্ত) ঃ বর্তমান অধ্যক্ষ জনাব মোঃ আনিছুর রহমান মোল্লা জানান যে, অভিযোগকারী মাওলানা ছলিম উল্লাহ্ মাদ্রাসার প্রতিষ্ঠাতা নন তিনি প্রতিষ্ঠাতা মরহুম মৌলভী আবদুল আজিজ পীর সাহেবের ছেলে। বর্তমানে মাদ্রাসার গভর্ণিং বডিতে প্রতিষ্ঠাতা পদটি শূন্য রয়েছে। অভিযোগকারীর পিতা অর্থাৎ মাদ্রাসার তৎকালীন প্রতিষ্ঠাতার অভিপ্রায়ে তাঁর পীর জনাব মোঃ আজগর আলীর নামে মাদ্রাসাটির নাম খুরইল আজগরিয়া সিনিয়র মাদ্রাসা হয় বলে জানান। বর্তমান অধ্যক্ষ খুরুইল আজগরিয়া সিনিয়র মাদ্রাসায় বিধিমোতাবেক বিগত ০২/০৩/১৯৯৬ তারিখে অধ্যক্ষ পদে যোগদান করে অদ্যাবধি চাকুরী করিয়া আসিতেছেন বলে জানা যায়। তিনি আরও জানান অভিযোগকারী মাওলানা ছলিম উল্লাহ্ ০৫/১২/১৯৮৭ থেকে ৩১/০৮/১৯৮৯ তারিখ পর্যন্ত মাদ্রাসায় অধ্যক্ষ পদে কর্মরত ছিলেন। ০৩/১২/১৯৮৯ ইং থেকে ৩১/০৮/১৯৯৩ পর্যন্ত জনাব মোঃ আঃ ছাত্তার উক্ত মাদ্রাসায় অধ্যক্ষ হিসেবে এমপিওভুক্ত হন। জনাব মোঃ আঃ ছাত্তার সাহেবের পদত্যাগের পর মাদ্রাসার আরবী প্রভাষক মরহুম একামত আলী ভারপ্রাপ্ত অধ্যক্ষের দায়িত্বপ্রাপ্ত হন এবং পরবর্তীতে তৎকালীন গভর্ণিং বডির সিদ্ধান্ত অনুযায়ী মাওলানা ছলিম উল্লাহ বিগত ০২/০৫/১৯৯৪ থেকে ১৪/০৬/১৯৯৫ পর্যন্ত উক্ত মাদ্রসায় বিধিবহির্ভুতভাবে অধ্যক্ষের দায়িত্ব পালনকালে তাঁর(অভিযোগকারীর) বিরুদ্ধে তৎকালীন ভারপ্রাপ্ত অধ্যক্ষ মরহুম একামত আলী গং একটি দেওয়ানী মোকদ্দমা ৮০/৯৪ দায়ের করলে উক্ত মোকদ্দমায় মাওলান ছলিম উল্লাহ অধ্যক্ষ হিসেবে থাকার কোন অধিকার নেই মর্মে রায় হয় মর্মে জানান (কপি ১০-১৬ সংযুক্ত)। তখন থেকেই অভিযোগকারী একের পর এক মাদ্রাসার বিভিন্ন বিষয় নিয়ে মামলা করতে থাকেন বলে জানান।

ত ছাড়া তৎকালীন গভর্ণিং বডি বর্তমান অধ্যক্ষ নিয়োগের সময় বিগত ১১/০১/১৯৯৬ তারিখে দৈনিক ইনকিলাব পত্রিকায় খুরুইল আজগরিয়া সিনিয়র মাদ্রাসা নামে নিয়োগ বিজ্ঞপ্তি প্রকাশ করেন এবং তৎকালীন মাদ্রাসার স্বীকৃতি নবায়নকালে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড বিগত ০১/০৭/১৯৯৬ তারিখের ১২০৬/৫ নং স্মারকে ৫ বছরের জন্য খুরুইল আজগরিয়া সিনিয়র মাদ্রাসা হিসেবে মাদ্রাসাটির স্বীকৃতি নবায়ন করেন (কপি-১৭ সংযুক্ত)। তাছাড়া তিনি জানান যে, অভিযোগকারী কর্তৃক দায়েরকৃত দেওয়ানী ৫০/২০১২ মোকদ্দমা চলাকালীন অভিযোগকারী বিজ্ঞ আদালতে মাদ্রাসার নাম আজগরিয়া করার সময় তিনি মাদ্রাসার অধ্যক্ষ ছিলেন বলে বলে সাক্ষ্য দেন মর্মে জানা যায়, যার সইমুড়ি নকল পরবর্তীতে প্রয়োজনে সকল দপ্তরে জমা দিবেন মর্মে বর্তমান অধ্যক্ষ জানান (কপি ১৮-৪৫ সংযুক্ত ,মামালার আরজিসহ)।

সাক্ষ্য ও কাগজপত্র পর্যালোচনাঃ উপরোক্ত বক্তব্য পর্যালোচনায় দেখা যায়, অভিযোগকারী মাওলানা ছলিম উল্লাহ খুরুইল সিনিয়র মাদ্রাসার প্রতিষ্ঠাতা সুপার ছিলেন। পরবর্তীতে কিছুদিন বিধিবহির্ভুতভাবে অধ্যক্ষের দায়িত্বও পালন করেন মর্মে জানা যায়। উভয় কর্তৃক দাখিলকৃত মাদ্রাসাটির অনুমতি/স্বীকৃতিপত্র এবং এমপিওর কপি অনুযায়ী মাদ্রাসাটির নাম খুরুইল সিনিয়র মাদ্রাসা ছিল এবং এমপিও কপিতে এখনো আছে (কপি-৪৬ সংযুক্ত)। বর্তমান অধ্যক্ষ কর্তৃক দাখিলকৃত বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এর বিগত ১২/০৯/১৯৯৬ তারিখের ১২০৬/৫ নং স্মারকে ( কপি - ১৭ সংযুক্ত) ৫ বছরের জন্য প্রদত্ত স্বীকৃতি নবায়নপত্র অনুযায়ী মাদ্রাসার নাম খুরুইল আজগরিয়া সিনিয়র মাদ্রাসা হিসেবে অদ্যাবধি সকল কাগজপত্রে পরিচালিত হয়ে আসছে মর্মে প্রতীয়মান হয়, তবে 'আজগরিয়া' শব্দটি ব্যবহার/অন্তভূক্তি সংক্রান্ত মন্ত্রণালয়ের কোন কাগজপত্র পক্ষগণ তদন্তকালে দেখাতে পারেননি।

মন্তব্য ঃ উপরোক্ত সাক্ষ্য ও কাগজপত্র পর্যালোচনায় দেখা যায়, মাদ্রাসার অনুমতি/স্বীকৃতি ও এমপিও অনুযায়ী মাদ্রাসাটির নাম খুরুইল সিনিয়র মাদ্রাসা। তবে স্বীকৃতি, ব্যানবেইস ও ইএমআইএস সেলের তথ্য অনুযায়ী মাদ্রাসাটি বর্তমানে খুরুইল আজগরিয়া সিনিয়র মাদ্রাসা নামে পরিচিত। মাদ্রাসার নামে আজগরিয়া ব্যবহারের ক্ষেত্রে শিক্ষা মন্ত্রণালয়ের অনুমোদনের কোন কাগজপত্র তদন্তকালে প্রতীয়মান হয়নি। প্রকৃতপক্ষে 'খুরুইল আজগরিয়া আলিম মাদ্রাসার' নামে 'আজগরিয়া' শব্দটি ব্যবহারের ক্ষেত্রে তৎকালীন গভর্ণিং বডির সম্মতি সাপেক্ষে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা এর বিগত ১২.০৯.১৯৯৬ এর স্বীকৃতি নবায়নের অফিস আদেশ বলে অদ্যাবধি 'আজগরিয়া' শব্দটি ব্যবহার হয়ে আসছে মর্মে তদন্তকালে সন্দেহাতিতভাবে প্রতীয়মান হয়।

প্রতিবেদনটি পরবর্তী সদয় প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহনের জন্য এতদ্‌সংগে মহোদয় বরাবর প্রেরণ করা হলো।

৭/১/২০১৭

মোঃ সফিউল আলম তালুকদার
উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার
মুরাদনগর, কুমিল্লা
ও
তদন্তকারী কর্মকর্তা

উপজেলা নির্বাহী অফিসার
মুরাদনগর,কুমিল্লা